# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

এইচএসসি (বিএমটি) শাখা

Website : www.bteb.gov.bd


স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৩১.০৬৫.২৪.০৪৫ তারিখ: ০৯-০১-২০২৫খ্রি.

## বিজ্ঞপ্তি

**বিষয়ঃ ২০২৫ সনের এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা ইন কমার্স শিক্ষাক্রমের ১ম ও ২য় বর্ষের পাঠদানকারী শিক্ষকদের তালিকা অনলাইনে প্রেরণ/হালনাগাদ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, অত্র বোর্ডের অধীন এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমের অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধানদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫ সনে অনুষ্ঠিতব্য এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমের ১ম ও ২য় বর্ষের উত্তরপত্র মূল্যায়ন/নিরীক্ষণ ও প্রধান পরীক্ষকের কাজ করতে ইচ্ছুক এরূপ পাঠদানকারী শিক্ষকগণের প্রয়োজনীয় তথ্যাবলি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (www.bteb.gov.bd) এর ইন্সটিটিউট কর্নারে User ID ও Password ব্যবহার করে Teacher List এ প্রদর্শিত ছক মোতাবেক তথ্য পূরণ/হালনাগাদ করে আগামী ১৫-০১-২০২৫ খ্রি. তারিখ হতে ১৬-০২-২০২৫ খ্রি. তারিখের মধ্যে অনলাইনে প্রেরণ করতে হবে।

**বিশেষ নির্দেশাবলী:**

I. কোনো শিক্ষকের একাধিক প্রতিষ্ঠান হতে/একাধিকবার তথ্য এন্ট্রি করার প্রয়োজন নেই।

II. প্রতিষ্ঠান প্রধান সকল তথ্য নিশ্চিত হয়ে তবেই চূড়ান্তভাবে উক্ত কাজ সম্পাদন করবেন।

III. এন্ট্রিকৃত তথ্য প্রতিষ্ঠান প্রধান নিজ দায়িত্বে দিয়েছেন মর্মে প্রতীয়মান হবে। ইতিপূর্বে এন্ট্রিকৃত তথ্য হালনাগাদ করে পুনরায় প্রেরণ করতে হবে।

IV. উক্ত তথ্যের কোনভাবে অসত্য/ভুল/গড়মিল পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধানের উপরই দায়ভার বর্তাবে।

**এছাড়া পরীক্ষক হিসেবে বোর্ড কর্তৃক মনোনীত হওয়ার পর পরীক্ষককে অবশ্যই কর্মরত প্রতিষ্ঠানের প্যাডে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।**

**বিষয়টি অতীব জরুরী।**

০৯-০১-২৫

(মো: কেপায়েত উল্লাহ)
পরীক্ষা নিয়ন্ত্রক

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৩১.০৬৫.২৪.০৪৫(৭) তারিখ: ০৯-০১-২০২৫খ্রি.

সদয় অবগতি এবং প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১-৪। বিভাগীয় প্রধান (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।

৫। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)

৬। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।

৭। সংশ্লিষ্ট নথি।

০৯/০১/২৫

(মো: জাহেদুল কবির খান)
উপ পরীক্ষা নিয়ন্ত্রক (বিএমটি)
ফোন: ০২-৫৫০০৬৫২৯